Dementia Wellbeing East London

# ডিমেনশিয়া ওয়েলবিং ঈস্ট লন্ডনে স্বাগতম

## একটি সেন্সরি প্রোগ্রাম ডিমেনশিয়া অর্থাৎ স্মৃতিভ্রংশ মানুষদের জন্য - স্বেচ্ছাসেবকরা বাড়িতে সেবা দেন

St Joseph's Hospice
Serving East London and the City

# আমরা যা করি

ডিমেনশিয়া ওয়েলবিং ঈস্ট লন্ডন হল হ্যাকনি, সিটি অফ লন্ডন, টাওয়ার হ্যামলেটস এবং নিউহ্যামের বোরোগুলিতে অত্যন্ত ডিমেনশিয়ায় ভোগা ব্যক্তিদের ব্যক্তিকেন্দ্রিক সামাজিক এবং মানসিক সহায়তা প্রদানকারী সামাজিক পরিষেবা। এই ব্যক্তিকেন্দ্রিক সহায়তা 'নমস্তে কেয়ার' নামক সেন্সরি প্রোগ্রামের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যার অবদান ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তিদের জীবনযাত্রার মান এবং ভাল থাকা উন্নত করতে পরিলক্ষিত হয়েছে এবং এটি পরিবারের সদস্যদেরও উপকার করে।

আমাদের প্রশিক্ষিত এবং তত্ত্বাবধানে থাকা স্বেচ্ছাসেবকরা ভুক্তভোগীর বাড়িতেই, তাদের নার্সিং / কেয়ার হোমে বা হাসপাতালে ডিমেনশিয়াতে সুস্থ থাকার দশটি সেশন করে।

লোকেরা কী পছন্দ করে, কী উপভোগ করে, কী তাদের সুখ-স্বাচ্ছন্দ্য বোধ করায় – তাদের যে কোনও ব্যক্তিগত বা সাংস্কৃতিক চাহিদা বা আগ্রহের কথা মাথায় রেখে স্বেচ্ছাসেবকরা নিরাপদ, আরামদায়ক পরিবেশ তৈরি করে ঐসবের ভিত্তিতে ব্যক্তিগতকৃত, অর্থপূর্ণ এবং আকর্ষক কার্যকলাপ অফার করে।

# হোম ভিজিট

আমরা রেফারেল পেলে, পরিষেবা সম্পর্কে আরও ব্যাখ্যা করার জন্য এবং উল্লেখিত ব্যক্তি ও আপনার পরিবার কীভাবে এই প্রোগ্রাম থেকে উপকৃত হতে পারেন তা নিয়ে আলোচনা করার জন্য প্রাথমিক হোম ভিজিটের ব্যবস্থা করার ব্যাপারে আপনার সাথে যোগাযোগ করব।

এই ভিজিটে আমরা উপযুক্ত স্বেচ্ছাসেবক শনাক্ত করতে এবং স্বেচ্ছাসেবক যখন ভিজিট করবেন তখন অর্থপূর্ণ কার্জকর্মের পরিকল্পনা করতে আমরা ঐ ব্যক্তির বর্তমান চাহিদা, তাদের জীবনকাহিনী, পছন্দ-অপছন্দ এবং আগ্রহ সম্পর্কে জিজ্ঞাসা করব। আমরা ভিজিটের জন্য আপনার পছন্দ সম্পর্কেও জিজ্ঞাসা করব, যেমন কোন দিন/সময় আপনি স্বেচ্ছাসেবকের ভিজিট চান।

আমরা আপনাকে একটি সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলব যে আপনি যে পরিষেবা প্রদান করা হচ্ছে তাতে সম্মত হলেন।

### তথ্যসুরক্ষা

রেফারেল পয়েন্টে, হোম ভিজিটের সময় বা পরিষেবার যে কোনও পর্যায়ে সংগৃহীত যে কোনও ব্যক্তিগত তথ্য নিরাপদে সংরক্ষিত হবে এবং শুধুমাত্র সেন্ট জোসেফ'স হসপিস গোপনীয়তা এবং তথ্যসুরক্ষা নীতি অনুসারে ব্যবহার/ভাগ করা হবে।

# পরবর্তী পদক্ষেপ

হোম ভিজিটের পর আমরা যত তাড়াতাড়ি সম্ভব একজন স্বেচ্ছাসেবক বরাদ্দ করার চেষ্টা করব। আমাদের কাছে সরাসরি আপনার উপযুক্ত স্বেচ্ছাসেবক না থাকলে আপনাকে জানাব এবং আপনার জন্য একজন স্বেচ্ছাসেবক খোঁজার ক্ষেত্রে আমাদের অগ্রগতি সম্পর্কেও যোগাযোগ রাখব।

# আপনার ডিমেনশিয়ায় সুস্থ থাকার সেশন

### যা আশা করতে পারেন

আপনার ডিমেনশিয়ায় সুস্থ থাকার স্বেচ্ছাসেবক সাধারণত দশটি সেশনের সিরিজের জন্য সপ্তাহে প্রায় এক ঘন্টা করে ভিজিট করবেন। আপনার সুবিধাজনক দিনে ও সময়ে ভিজিটের ব্যবস্থা করা হবে। স্বেচ্ছাসেবক যখনই আসবেন সেই সময় সেই স্থানে একজন পরিবারের সদস্য বা তত্ত্বাবধায়ক অবশ্যই উপস্থিত থাকতে হবে। আপনি সেইসব সেশনের অংশ হতে চান নাকি বাড়ির অন্য অংশে সময় কাটাতে চান সেই সিদ্ধান্ত আপনার। আপনি যদি সেশনের কিছু অংশেও যোগদান করতে পারেন তবে আপনার পরিবারের সদস্যের নিয়ে স্বেচ্ছাসেবক কী করছেন তা জানার সুযোগ পাবেন।

### ভিজিটের সময়, আমাদের স্বেচ্ছাসেবকরা বিভিন্ন কাজকর্ম পরিচালনা করতে পারেন, যেমন:

- মৃদু স্পর্শ মাধ্যমে সংযোগ
- স্মৃতিচারণমূলক কাজকর্ম
- প্রিয় গান চালানো/কোরান পড়া
- প্রিয় বই/কবিতা পড়া
- মৃদু নড়াচড়ায় উৎসাহ দেওয়া
- গেম এবং অন্যান্য খেলার ছলে করা কাজকর্ম

### সেশনের শেষে

দশটি অধিবেশন শেষ হওয়ার পরে, আমাদের স্বেচ্ছাসেবকরা আপনার পরিবারের সদস্যদের সাথে সেইভাবে চালিয়ে যাওয়ার জন্য আপনাকে কিছু ধারণা এবং সাধন দেওয়ার লক্ষ্য রাখবেন। এই পরিষেবা সম্পর্কে আপনার অভিজ্ঞতার উপর আপনার মতামত দেওয়ার সুযোগ থাকবে।

# ডিমেনশিয়া ওয়েলবিং ঈস্ট লন্ডন

## দল সম্পর্কে

আমরা হ্যাকনির মেয়ার স্ট্রীটের সেন্ট জোসেফ'স হসপিসে অবস্থিত ছোট কর্মীদল।

আমরা স্থানীয় সমাজ থেকে আমাদের স্বেচ্ছাসেবকদের নিয়োগ করি। সমস্ত নতুন স্বেচ্ছাসেবকদের একটি সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এর মধ্যে ডিমেনশিয়ায় ভোগা ব্যক্তিদের সহায়তা প্রদানের জন্য একটি ব্যাপক প্রশিক্ষণ কোর্সে যোগদান অন্তর্ভুক্ত। সমস্ত স্বেচ্ছাসেবকদের রেফারেন্স এবং DBS (অপরাধের রেকর্ড) চেক করতে হবে।

স্বেচ্ছাসেবকরা তাদের পরিষেবা সমন্বয়কারীর কাছ থেকে এবং মাসিক স্বেচ্ছাসেবকদের সহায়তার মীটিঙে উপস্থিতির মাধ্যমে নিয়মিত অবিরাম সহায়তা পান।

## প্রশ্ন আছে?

এখন বা ভবিষ্যতে আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে দলের সাথে যোগাযোগ করুন:


Dementia Wellbeing Team Office
020 8525 3165
dementiawellbeingeastlondon@stjh.org.uk

Rach Underhill – Dementia Wellbeing Team Manager
r.underhill@stjh.org.uk

Carmel Grealish – Dementia Wellbeing Coordinator
c.grealish@stjh.org.uk

Gill Lea-Wilson – Dementia Wellbeing Administration Officer
g.lea-wilson@stjh.org.uk